

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প  
প্রকল্প পরিচালকের দপ্তর  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নং- ৫৬.০৪.০০০০.১০৭.৯৯.০০২.২২. ৬৬২

তারিখ: ২ বৈশাখ ১৪৩২  
১৫ এপ্রিল ২০২৫


বিষয়: উপজেলা কমপ্লেক্স ভবনের ৫ম তলায় নব নির্মিত ফ্লোরে “উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র” ধাতব নাম ফলক স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন এবং তথ্য ও যোগাযোগ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “ডিজিটাল সংযোগ স্থাপন” প্রকল্পের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক দেশব্যাপী উপজেলা পর্যায়ে “উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র” নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ৩০ (ত্রিশ) টির অধিক উপজেলায় নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। উপজেলা কমপ্লেক্স ভবনের ৫ম তলায় নবনির্মিত ফ্লোরের প্রবেশমুখের সামনে উপরের বিমের সামনের দিকে “উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র” লেখা ধাতব নাম ফলক স্থাপন করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট উপজেলা কমপ্লেক্স ভবনের ৫ম তলায় নব নির্মিত ফ্লোরের উল্লিখিত স্থানে “উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র” ধাতব নাম ফলক স্থাপন করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নাম ফলকের নমুনাঃ উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র  
ধাতবঃ এস এস শীট (পুরুত্বঃ ১.২২ মিমি)  
মাপঃ ১০ ফিট বাই ১০ ইঞ্চি

প্রকল্প পরিচালক,  
উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়),  
এলজিইডি, ঢাকা।

  
৩৫.০৪.২০২৫  
(তানজিনা ইসলাম)  
প্রকল্প পরিচালক(যুগ্মসচিব)  
ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৪) উপ-প্রকল্প পরিচালক "ডিজিটাল সংযোগ স্থাপন" প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৬) উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৭) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৮) প্রোগ্রামার (প্রশাসন ও মানব সম্পদ, অতিরিক্ত দায়িত্ব), "ডিজিটাল সংযোগ স্থাপন" প্রকল্প।
- ৯) জেলা আইসিটি অফিসার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ১০) উপজেলা আইসিটি অফিসার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ১১) অফিস কপি।